# প্রি-টেস্ট পরীক্ষা ২০২৪
# দশম শ্রেণি
# বিষয়: বাংলাদেশ ও বিশ্বপরিচয়

## দশম অধ্যায়:
## টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)

০১। সুন্দরপুর ইউনিয়ন পরিষদের মেম্বার সফির উদ্দিন সাহেব তার নিজ গ্রামের সকলকে আহবান জানান গ্রাম পরিস্কার কর্মসুচীতে অংশগ্রহণ করার জন্য। তিনি বলেন, সবার সম্মিলিত প্রচেষ্টায় সম্ভব গ্রামটি পরিস্কার-পরিচ্ছন্ন রাখা এবং আমাদের ভবিষ্যৎ প্রজন্মের জন্য গ্রামটিকে স্বাস্থ্যকর ও বাসযোগ্য করে গড়ে তোলা।

ক. (SDG) এর পূর্ণরূপ কী?
খ. টেসই উন্নয়নের অভীষ্ট কয়টি ?
গ. উদ্দীপকের সফির উদ্দীনের উদ্যোগটি টেকসই উন্নয়নে কোন বিষয়টির প্রতিনিধিত্ব করছে? ব্যাখ্যা কর।
ঘ. টেকসই উন্নয়নে উক্ত বিষয়টির গুরুত্ব একটি প্রধান বিবেচ্য বিষয়- বিশ্লেষণ কর।

০২। হাবিব সাহেব তার বাড়ি নির্মাণের পূর্বে সবকিছু পরিকল্পনা করলেন। তিনি মাটি, পর্যাপ্ত বাতাস, সূর্যের আলো, বৃষ্টির পানি, গাছপালা ইত্যাদি বিষয়াদির কথা মাথায় রেখে বাড়ির চূড়ান্ত নকশা করলেন। তিনি তর পরিবারের সদস্যদের বললেন, শুধু বাড়ি নির্মাণ শুরু করলেই হবে না এর উপযোগিতা এবং ভবিষ্যতের কথাও আমাদের মনে রাখতে হবে যাতে বাড়িটি টেকসই হয়।

ক. টেকসই উন্নয়ন কী?
খ. কোন তিনটি ক্ষেত্রকে টেকসই উন্নয়নের অপরিহার্য মনে করা হয়? ব্যাখ্যা কর।
গ. উদ্দীপকের সথে তোমার পাঠ্য বইয়ের কোন বিষয়টির মিল খুঁজে পাওয়া যায়? ব্যাখ্যা কর।
ঘ. 'উক্ত বিষয়টি বাংলাদেশ অর্জন করতে পারলে উন্নয়নের সুফল পাওয়া সম্ভব'- উক্তিটির যথার্থতা বিশ্লেষণ কর।

০৩। শিনু বার্ষিক পরীক্ষা দিয়ে ঢাকায় বেড়াতে আসলো। মামার সাথে ঢাকায় বেড়াতে গিয়ে সে দেখল, জাতীয় সংসদ ভবনের পাশে বিশাল একটি সাইনবোর্ড যেখানে জাতিসংঘের মনোগ্রামের পাশে বুলেট পয়েন্টে ১৭ টি লক্ষ্য লিখা রয়েছে। টেলিভিশনে রাত আটটার সংবাদে সে একই ধরনের একটি সাইনবোর্ড দেখে মামাকে প্রশ্ন করলে মামা শিনুকে সবকিছু বুঝিয়ে বলে। উত্তর শুনে শিনু তার ভগ্নস্বাস্থ্য ও লেখাপড়া নিয়ে ভাবতে থাকে।

ক. এসডিজি- এর পূর্ণরূপ কী?
খ. জেন্ডার সমতা বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর।
গ. উদ্দীপকে উল্লেখিত চিনুর দেখা সাইনবোর্ড ও কর্মসূচীটি কী? ব্যাখ্যা কর।
ঘ. সাইনবোর্ডে প্রদর্শিত লক্ষ্য অর্জনের মাধ্যমে চিনুদের মত শিক্ষার্থীদের জীবন সার্থক হবে-তুমি কী বক্তব্যের সাথে একমত? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দেখাও।

# চতুর্দশ অধ্যায়ঃ

# বাংলাদেশের পরিবার কাঠামো ও সামাজিকীকরণ

১। নবম শ্রেণির ছাত্র সাজিদ। ছোটবেলা থেকেই সে দেখে আসছে তার বাবা মা ঝগড়া করছে। একমাত্র সন্তান কিভাবে বড় হচ্ছে তা নিয়ে তাদের ভাবার সময় নেই। ক্রমশ তার আচরণে পরিবর্তন লক্ষ করা যাচ্ছে। পড়ালেখাও সে ভীষণ অমনোযোগী।

ক. সম্পত্তির উত্তরাধিকারের ভিত্তিতে পরিবার কত প্রকার?
খ. শিশুর সামাজিকীকরণে ধর্মীয় প্রতিষ্ঠানের প্রভাব ব্যাখ্যা কর।
গ. সাজিদের অসৌজন্যমূলক আচরণের জন্য দায়ী মাধ্যমটির অবহেলা ব্যাখ্যা কর।
ঘ. উদ্দীপকে মানব সমাজে সামাজিকীকরণের তাৎপর্য বিশ্লেষণ কর।

০২। আকিব সাহেব একজন ব্যবসায়ী। তিনি পরিবারে সময় দিতে পারেন না বলে ছেলে মেয়েরা হেস্টেলে থেকে লেখাপড়া করে। আকিব সাহেব একদিন তার বন্ধু জাবেদ সাহেবের বাসায় সস্ত্রীক বেড়াতে গেলেন।জাবেদ সাহেবের সাহেবের ছেলেমেয়েরা আকিব সাহেব এবং তার স্ত্রীকে সালাম দিল এবং যত্নসহকারে আপ্যায়ন করলো। জাবেদ সাহেবের ছেলেমেয়েদের ব্যবহারে আকিব সাহেব এবং তার স্ত্রী মুগ্ধ হলেন।

ক. বংশ ও নিয়ন্ত্রণ সূত্রের ভিত্তিতে পরিবারকে কয় শ্রেণিতে ভাগ করা যায়?
খ. সমাজের ক্ষুদ্র একক কোনটি? ব্যাখ্যা কর।
গ. জাবেদ সাহেবের ছেলেমেয়েদের পরিবারের কোন কাজটির প্রতিফলন লক্ষ্য করা যায়? ব্যাখ্যা কর।
ঘ. আকিব সাহেবের পরিবারের প্রেক্ষিতে বলা যায় কী যে পরিবার ব্যবস্থা বিলুপ্ত হয়ে যাবে? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও।

০৩। মানব জীবনে সামাজিকীকরণের প্রভাব খুবই গুরুত্বপূর্ণ। এটি একটি জীবন ব্যাপী প্রক্রিয়া। শিশুর জন্মের পর থেকে মৃত্যু পর্যন্ত বিভিন্ন মাধ্যমে অভিজ্ঞতা অর্জন ও খাপ খাওয়ানোর প্রক্রিয়াই সামাজিকীকরণ প্রক্রিয়া। জীবনের প্রতিটি ক্ষেত্রে ব্যক্তি যখন এক পর্যায় থেকে আরেক পর্যায় প্রবেশ করে তখন তাকে নতুন পরিবেশ ও পরিস্থিতির সঙ্গে খাপ খাইয়ে চলতে হয়। এই খাপ খাওয়ানোর প্রক্রিয়ার ফলে তার আচরণে পরিবর্তন আসে।

ক. মিথস্ক্রিয়া কাকে বলে?
খ. সামাজিক পরিবেশ বলতে কী বোঝ তা ব্যাখ্যা কর।
গ. উদ্দীপকে আলোচিত সামাজিকীকরণ প্রক্রিয়ায় বিভিন্ন প্রতিষ্ঠানের ভূমিকা উল্লেখ কর।
ঘ. উদ্দীপকে বর্ণিত সামাজিকীকরণ একজন ব্যক্তির জন্য কতটুকু প্রয়োজন বলে তুমি মনে কর।

# পঞ্চদশ অধ্যায়ঃ

# বাংলাদেশের সামাজিক পরিবর্তন

০১। নিচের উদ্দীপকটি পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও

ইতু ও মিতু দুই বান্ধবী। ইতু কিছুদিন বিদেশে ছিল। সেখান থেকে ফিরে আসার পর বান্ধবী মিতুর ব্যাপক পরিবর্তনে ইতু বিস্মিত হয়। ইতু যদিও মিতুর মতো উচ্চ শিক্ষিত ছিল না,তবুও সে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণ নেয়, যা তাকে আত্মনির্ভরশীল হতে সাহায্য করে। পরবর্তী সময় সে একজন সফল ব্যবসায়ী হয়। তার এ সাফল্যের পেছনে সামাজিক পরিবর্তনের কিছু উপাদান কাজ করেছে।

ক. সামাজিক পরিবর্তন কী?
খ.সামাজিক মূল্যবোধের অবক্ষয়ের কারণ কী? ব্যাখ্যা কর।
গ.মিতুর এ পরিবর্তনের ক্ষেত্রে শহরায়ণ ও শিল্পায়নের প্রভাব কী? বর্ণনা কর।
ঘ.সামাজিক পরিবর্তনে নারীর অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রভাব রয়েছে-ব্যাখ্যা কর।

০২। আনজুমান দীর্ঘদিন পর বিদেশ থেকে দেশে ফিরেন। তিনি লক্ষ করেন দেশে নারী উন্নয়ন বেশ অগ্রগতি লাভ করেছে।রাষ ট্রীয় শাসন ব্যবস্থাসহ বিভিন্ন খাতে নারীরা দায়িত্ব পালন করেছে। তবে প্রচুর পরিমানে জনসংখ্যা বৃদ্ধি পাচ্ছে।

ক. সামাজিক পরিবর্তন কী?
খ. সমাজে নৈরাজ্যেও কারণ কী।
গ. সামাজিক পরিবর্তনে কোন উপাদানটি অধিক কার্যকর বলে তুমি মনে কর? ব্যাখ্যা কর।
ঘ. নারী উন্নয়ন সম্পর্কে উদ্দীপেকের আনজুমানের সাথে তুমি কী একমত? স্বপক্ষে লিখ।

০৩। নাহার শহরে থাকেন। অনেকদিন পর গ্রামে গিয়ে এক সময়ের সহপাঠী সামিনাকে তিনি অবাক হন স্বল্প শিক্ষিত হয়েও সামিনা প্রশিক্ষণ গ্রহণের দ্বারা আজ সমাজে সুপ্রতিষ্ঠিত।তার এ সফলতা সমাজ পরিবর্তনে ব্যাপক ভুমিকা রাখে। তিনি নারী উন্নয়নের প্রতীক।

ক. শিক্ষা কী?
খ. নগরায়ন প্রক্রিয়া বলতে কী বোঝায়।
গ. ফসোমিনার সফলতা সমাজ পরিবর্তনে বী কী ভুমিকা রেখেছে।
ঘ. সমাজ পরিবর্তনে নারীর ভূমিকা তুলে ধর?

# ষোড়ষতম অধ্যায়:

# বাংলাদেশের সামাজিক সমস্যা ও এর প্রতিকার

০১। নিচের উদ্দীপকটি পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও
ভালো ছাত্রী হিসেবে কবিতার বেশ সুনাম ছিল। সদ্য বিএ পাশ করে একটি বেসরকারি প্রতিষ্ঠানে চাকরি নিয়েছেন। অফিসে তার সহকর্মীদের দুই একজন তাকে অশ্লীল কথাবার্তা বলেন। তার স্বামী শহিদুল দেশের বাইরে থাকায় কবিতা প্রায়ই শ্বশুর,শাশুড়ী ও ননদ কর্তৃক শারীরিক ও মানসিক নির্যাতনের শিকার হন।পাশাপাশি রাস্তায়,বাসে ও পথচারী দ্বারাও বিভিন্নভাবে হেনস্তা হন।

ক. দুর্নীতি শব্দের অর্থ কী?
খ. এইডস রোগ ছড়ানোর একটি উপায় ব্যাখ্যা কর।
গ. উদ্দীপকের আলোকে নারীর প্রতি সহিংসতার প্রকৃতি ব্যাখ্যা কর।
ঘ. কবিতার মত মেয়েদের সহিংসতার হাত থেকে রক্ষা করা সবার দায়িত্ব ও কর্তব্য বিশ্লেষণ কর।

০২। রজব ১২ বছর বয়সী বালক। পারিবারিক অস্বচ্ছলতার কারণে তাকে প্রায়ই একটি কারখানায় কাজ করতে হয়। বয়স অনুসারে কাজটি তার জন্য বেশ ঝুকিপূর্ণ। এভাবে ক্লান্তিকর জীবন কাটে রজবের।

ক. কিশোর অপরাধী কারা?
খ. জাতিসংঘ শিশু অধিকার সনদ কী? ব্যাখ্যা কর।
গ. উদ্দীপকে রজবের ক্ষেত্রে বাংলাদেশের সংবিধানের কোন বিষয়গুলো লঙ্ঘিত হয়েছে বলে তুমি মনে কর।
ঘ. উক্ত বিষয় প্রতিরোধে তুমি কী কী করতে চাও তা তুলে ধর।

০৩। বাংলাদেশে নারীর প্রতি চরম সহিংসতা নারী অধিকার রক্ষার ক্ষেত্রে প্রধান বাধা। অথচ নারীর ক্ষমতায়ন দেশকে উন্নতির দিকে নিয়ে যেতে পারে। ঝুকিপূর্ণ অনেক পেশায়ও নারীরা কাজ করছে। এদিকে জঙ্গিবাদ, এইডস এবং দুর্নীতি দেশের উন্নয়নে বাধা হয়ে দাড়িয়েছে

ক. জঙ্গিবাদ কী?
খ. দুর্নীতির ধারণা ব্যাখ্যা কর।
গ. পাঠ্যবইয়ের আলোকে নারীর প্রতি সহিংসতারোধে কী পদক্ষেপ নেয়া উচিৎ বলে তুমি মনে কর?
ঘ. উদ্দীপকে উল্লেখিত দুর্নীতির কারণ সমূহ আলোচনা কর।